

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
জেলা কার্যালয়, দিনাজপুর।
doict.dinajpur.gov.bd

স্মারক নম্বর: ৫৬.০৪.২৭০০.০০০.০০০.২৩.০০১.২৬-৩০

তারিখঃ ১৫ বৈশাখ ১৪৩৩
২৮ এপ্রিল ২০২৬

বিষয়: 'জাতীয় হাইস্কুল প্রোগ্রামিং ও কুইজ প্রতিযোগিতা-২০২৬'-এ শিক্ষার্থীদের অংশগ্রহণ প্রসঙ্গে।

সূত্র: বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এর স্মারক নম্বর-৫৬.০১.০০০০.০০০.০০৭.১৩.০০০১.২৬.৪৮; তারিখ: ২৭ এপ্রিল ২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তিতে একটি দক্ষ জাতি গড়ার লক্ষ্যে বিশ্বের ১৬০টির বেশি দেশের মতো বাংলাদেশেও স্কুল কলেজের শিক্ষার্থীদের মাঝে প্রোগ্রামিংকে ছড়িয়ে দেয়ার জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের উদ্যোগে, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের তত্ত্বাবধানে এবং মাঠ পর্যায়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের সহযোগিতায় জাতীয় হাইস্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা-২০২৬ অনুষ্ঠিত হতে যাচ্ছে।

প্রতিযোগিতায় অংশগ্রহণের ক্যাটাগরিসমূহ নিম্নরূপ:


প্রতিযোগিতার ক্যাটাগরি	অংশগ্রহণকারী	মন্তব্য
কুইজ প্রতিযোগিতা	জুনিয়র	ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত
	সিনিয়র	নবম থেকে দশম শ্রেণী পর্যন্ত
প্রোগ্রামিং প্রতিযোগিতা	জুনিয়র	ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত
	সেকেন্ডারি	নবম থেকে দশম শ্রেণী পর্যন্ত
	হায়ার সেকেন্ডারি	একাদশ থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত

**প্রোগ্রামিং এবং কুইজ প্রতিযোগিতায় রেজিস্ট্রেশন করতে <https://nhspc.bcc.gov.bd/> সাইটে ভিজিট করতে হবে। রেজিস্ট্রেশনের শেষ সময়ঃ ২ মে, ২০২৬ তারিখ, রাত ১২টা।

এমতাবস্থায়, জাতীয় হাইস্কুল প্রোগ্রামিং ও কুইজ প্রতিযোগিতা ২০২৬-এ আগ্রহী শিক্ষার্থীদের অংশগ্রহণ নিশ্চিতকল্পে প্রচারসহ অনলাইন রেজিস্ট্রেশনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

অধ্যক্ষ/ প্রধান শিক্ষক/ সুপারিনটেনডেন্ট

দিনাজপুর।


(অনিমেষ চন্দ্র বসুনিয়া)
জেলা আইসিটি অফিসার (প্রোগ্রামার)
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
জেলা কার্যালয়, দিনাজপুর

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা (প্রয়োজ্য ক্ষেত্রে) গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
২. নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আগারগাঁও, ঢাকা
৩. জেলা প্রশাসক, দিনাজপুর।
৪. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), দিনাজপুর।
৫. জেলা শিক্ষা অফিসার, দিনাজপুর (তার আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে অবহিতকরণের জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
৬. উপজেলা নির্বাহী অফিসার (সকল), দিনাজপুর।
৭. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), দিনাজপুর (তার আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে অবহিতকরণের অনুরোধসহ)।
৮. উপজেলা আইসিটি অফিসার (সহকারী প্রোগ্রামার) (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, দিনাজপুর।
৯. অফিস কপি।